# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১২৪১

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫. নামাযের মধ্যে সূরা আল-ফাতিহা পাঠশেষে সশব্দে আমীন বলা

بَابُ التَّأْمِينِ فِي الصَّلَاةِ بَعْدَ فَاتِحَةِ الْكِتَابِ وَالْجَهْرِ بِهَا

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ مُبَشِّرٍ ، ثَنَا أَحْمَدُ بْنُ سِنَانٍ ، ح : وَحَدَّثَنَا أَبُو مُحَمَّدِ بْنُ صَاعِدٍ ، ثَنَا يَعْقُوبُ الدَّوْرَقِيُّ ، قَالَا : نَا عَبْدُ الرَّحْمَنِ ، عَنْ سُفْيَانَ ، عَنْ سَلَمَةَ ، عَنْ حُجْرِ بْنِ عَنْبَسٍ ، قَالَ : سَمِعْتُ وَائِلَ بْنَ حُجْرٍ ، قَالَ : سَمِعْتُ النَّبِيَّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ حِينَ قَرَأَ ( غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ ) قَالَ " آمِينَ " ، وَمَدَّ بِهَا صَوْتَهُ ، قَالَ عَبْدُ الرَّحْمَنِ : أَشَدُّ شَيْءٍ فِيهِ أَنَّ رَجُلًا كَانَ يَسْأَلُ سُفْيَانَ عَنْ هَذَا الْحَدِيثِ ، فَأَظُنُّ سُفْيَانَ تَكَلَّمَ بِبَعْضِهِ ، خَالَفَهُ شُعْبَةُ فِي إِسْنَادِهِ وَمَتْنِهِ

বাংলা

১২৪১(৩)। আলী ইবনে আবদুল্লাহ ইবনে মুবাশশির (রহঃ) ... ওয়াইল ইবনে হুজর (রাঃ) বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে 'গায়রিল মাগদূবি আলাইহিম ওয়ালাদদোয়াল্লীন' বলার পর উচ্চস্বরে আমীন বলতে শুনেছি।

আবদুর রহমান (রহঃ) বলেন, এতে (এই হাদীসে) কঠিন বিষয় এই যে, এক ব্যক্তি সুফিয়ান (রহঃ)-কে এই হাদীস সম্পর্কে জিজ্ঞেস করেছিলেন। আমার মতে সুফিয়ান (রহঃ) এই হাদীসের কোন কোন বিষয় সম্পর্কে সমালোচনা করেছেন। শো'বা (রহঃ) এই হাদীসের সনদ ও মতন (মূল পাঠ) নিয়ে মতভেদ করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ ওয়ায়িল ইবনু হুজর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81030

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন